

## এসএসসির আজকের পরীক্ষা স্থগিত

### যুগান্তর রিপোর্ট

এসএসসি ও সমমানের আজকের পরীক্ষা নেয়া হবে না। এটি সুবিধাজনক সময়ে পরবর্তী সময়ে নেয়া হবে। বিএনপির নেতৃত্বাধীন ২০ দলীয় জোটের হরতালের কারণে সরকার এ সিদ্ধান্ত নিয়েছে। বুধবার বিকালে এক সংবাদ সম্মেলনে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এ সিদ্ধান্তের কথা জানান।

গত রোববার সকাল ৬টায় শুরু হওয়া ৭২ ঘণ্টার হরতাল বুধবার সকাল ৬টায় শেষ হওয়ার কথা ছিল। কিন্তু তার আগেই মঙ্গলবার হরতাল আরও ৩৬ ঘণ্টা বাড়ানোর ঘোষণা আসে। আজ এসএসসি ও সমমানের পরীক্ষা নির্ধারিত ছিল। যে কারণে মঙ্গলবারই শিক্ষামন্ত্রী এক সংবাদ সম্মেলন করে ২০ স্থগিত : পৃষ্ঠা ১৫ : কলাম ১

## স্থগিত : আজকের পরীক্ষা

### (১ম পৃষ্ঠার পর)

দলীয় জোটকে হরতাল প্রত্যাহার অথবা পরীক্ষাকে হরতালের আওতাভুক্ত রাখার আশ্বাস জানান। এই আশ্বাসে মাত্রা না পেয়ে বুধবার পরীক্ষা স্থগিতের এ সিদ্ধান্ত জানান শিক্ষামন্ত্রী। বিকাল ৩টার দিকে মন্ত্রণালয়ের সভাকক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে শিক্ষামন্ত্রী স্বদেশ, স্থগিত হওয়া পরীক্ষা সুবিধাজনক সময়ে নেয়া হবে। সবমুঠে আমরা পরে জানিয়ে দেব। সামনে এগুনে ফেব্রুয়ারি রয়েছে। আশা করি তারা (২০ দলীয় জোট) আর হরতাল দেবেন না। আমাদের ছেলেকয়েদের পরীক্ষা নেয়ার সুযোগ করে দেবেন।

শিক্ষামন্ত্রী আরও বলেন, 'পরীক্ষা, অভিভাবক, শিক্ষকসহ দেশের সবাই আজ উত্তিম, কেউ নিরাপদ নয়। ১৫ লাখ ছেলেকয়েদের পরীক্ষা নিয়ে আমরা কিশোরী সপ্তে এগুচ্ছি। আমরা নন্দীয়া হয়ে চলছি। এটাই স্বাভাবিক। বারবার অনুর্বোধ জানিয়েছি আমাদের ছেলেকয়েদের পরীক্ষা নেয়ার সুযোগ দিন। এরপর আপনারা যা মুশি করুন। এ সময় তিনি হরতাল প্রত্যাহার বা পরীক্ষার ২ ঘণ্টা আগে ও পরে ২ ঘণ্টা হরতাল স্থগিত রাখার আশ্বাসে মাত্রা না পাওয়ার কথা উল্লেখ করে বলেন, 'আমাদের ছেলেকয়েদের জীবনের নিরাপত্তা আমাদের

বাহে সবচেয়ে বড়। তাই বৃহস্পতিবারের পরীক্ষা স্থগিত রাখছি, কোনো তারিখ দিচ্ছি না। আশার থাকলাম, তাদের দিলে রহম হবে।

উল্লেখ্য, আজ আটটি সাধারণ শিক্ষা বোর্ডের অধীনে এসএসসিতে ইসলাম ও নৈতিক শিক্ষা/ইসলাম শিক্ষা, ইসলাম ও নৈতিক শিক্ষা/হিন্দুধর্ম শিক্ষা, ইসলাম ও নৈতিক শিক্ষা/বৌদ্ধ ধর্ম শিক্ষা, ইসলাম ও নৈতিক শিক্ষা/খ্রিস্টধর্ম শিক্ষা বিষয়ে পরীক্ষা হওয়ার কথা ছিল। দাখিলে ছিল ফিকহ ও উসুল ফিকহ এবং কারিগরিতে পদার্থবিজ্ঞান-২ (১৯-২৫, সুজননীল) ও পদার্থবিজ্ঞান-২ (৮-১২৫, সুজননীল/সাধারণ) এবং দাখিল ভোকেশনালে পদার্থবিজ্ঞান-২ (১৭২৫, সুজননীল) ও পদার্থবিজ্ঞান-২ (৮৫-২৫) বিষয়ের পরীক্ষা।

এর আগে হরতালের কারণে এসএসসি ও সমমানের পরীক্ষার ২ ও ৪ ফেব্রুয়ারি পরীক্ষা স্থগিত করে ৬ ও ৭ ফেব্রুয়ারি নেয়া হয়। একই কারণে ৮ ও ১০ ফেব্রুয়ারি পরীক্ষা স্থগিত করতে হয়েছে। এই দুটি পরীক্ষা আগামী শুক্রবার (১৩ ফেব্রুয়ারি) ও পনিবার (১৪ ফেব্রুয়ারি) নেয়া হবে। এবার এসএসসি ও সমমানের পরীক্ষার মোট ১৪ লাখ ৭৯ হাজার ২৬৬ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছে।